

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম
ও
প্রিজাইডিং অফিসারের কার্যালয়
মুকুট নাইট উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন ২০২৪
doict.patiya.chittagong.gov.bd

স্মারক নংঃ ৫৬.০৪.১৫৬১.০০০.৩২.০০১.২৪-১০২

তারিখঃ ২২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ


তফসিল বিজ্ঞপ্তি

এই মর্মে জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্মারক নম্বর- ০৫.৪২.১৫৬১.০০০.০৮.০০২.২০২০-৮১, তারিখ : ১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. মোতাবেক নিয়োগপ্রাপ্ত নিম্নস্বাক্ষরকারী প্রিজাইডিং অফিসার কর্তৃক চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলাধীন 'মুকুট নাইট উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি' গঠনকল্পে 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ (সর্বশেষ সংশোধনীসহ)'-এর প্রবিধান ১৬(১) অনুসারে বিভিন্ন শ্রেণিতে (প্রয়োজ্য ক্ষেত্রে) সদস্য নির্বাচনের লক্ষ্যে নিম্নরূপ নির্বাচনি তফসিল ঘোষণা করা হলো :-

ক্রমিক নম্বর	বিষয়	তারিখ ও সময়	স্থান
০১.	সিলগালাযুক্ত খামে নির্ধারিত ফরমে (ফরম-২) প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মনোনয়নপত্র সংগ্রহ, দাখিল ও গ্রহণ	০৭-১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ (প্রতিদিন অফিস চলাকালীন সময়ে, সরকারি ছুটির দিন ব্যতিত)	প্রধান শিক্ষকের কার্যালয় মুকুট নাইট উচ্চ বিদ্যালয়, মুকুট নাইট, পটিয়া, চট্টগ্রাম
০২.	প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁদের মনোনীত প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি থাকেন) মনোনয়নপত্র বাছাই	১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ (সকাল ১০.০০ ঘটিকা হতে)	প্রিজাইডিং অফিসারের কার্যালয় (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম)
০৩.	প্রিজাইডিং অফিসার বরাবর লিখিত আবেদনের মাধ্যমে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ (প্রার্থী নিজে উপস্থিত হয়ে জমা দিতে হবে) ও বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ	১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ প্রত্যাহারের আবেদন জমা গ্রহণ-সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত তালিকা প্রকাশ- বিকাল ০৪.০০ ঘটিকা	প্রিজাইডিং অফিসারের কার্যালয় (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম)
০৪.	বিভিন্ন শ্রেণিতে (প্রয়োজ্য ক্ষেত্রে) সদস্য নির্বাচনের লক্ষ্যে গোপন ব্যালটে ভোটগ্রহণ	২৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ (সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে)	প্রধান শিক্ষকের কার্যালয় মুকুট নাইট উচ্চ বিদ্যালয়, মুকুট নাইট, পটিয়া, চট্টগ্রাম

বিশেষ নির্দেশনা :

- নির্ধারিত স্থানে উপস্থিত হয়ে মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিল করা যাবে।
- প্রয়োজনবোধে মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের স্থান হতে ভোটার তালিকা সংগ্রহ করা যাবে।
- সকল শ্রেণির পূরণকৃত মনোনয়নপত্র প্রিজাইডিং অফিসার বরাবর সিলগালাযুক্ত খামের ওপর প্রার্থীর নাম, পদের নাম ও মোবাইল নম্বর উল্লেখপূর্বক সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের নিকট জমা দিতে হবে।
- নির্বাচনি প্রচারণায় কেবলমাত্র ৫.৫ ইঞ্চি x ৮.৫ ইঞ্চি সাদাকালো রঙের লিফলেট ব্যবহার করা যাবে। কোনো প্রকার ব্যানার, পোস্টার বা অন্য কোনো প্রচার মাধ্যম ব্যবহার করা যাবে না।
- মনোনয়নপত্র বাছাই ও বাতিল সম্পর্কিত যে কোনো ধরনের আপিল সংশ্লিষ্ট প্রবিধানমালার প্রবিধান ২০(১) ও ২০(২) অনুসারে 'উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম' মহোদয় বরাবর প্রবিধানমালায় উল্লিখিত সময়সীমার মধ্যে করতে হবে এবং তিনি প্রবিধানমালায় উল্লিখিত সময়সীমার মধ্যেই উক্ত আপিলসমূহ নিষ্পত্তি করবেন।
- নির্বাচন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বিধি মোতাবেক পরিচালিত হবে এবং এর যে কোনো ধরনের ব্যত্যয়ের জন্য বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


০৫-০২-২০২৪

(মুন্সম দাশ)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম

ও

প্রিজাইডিং অফিসার


মুকুট নাইট উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন ২০২৪

☎ : ০১৬৭০৩৬৩৪৮৪

✉_mrinmoydas.doict@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মাননীয় সংসদ সদস্য ২৮৯ চট্টগ্রাম-১২, পটিয়া, চট্টগ্রাম
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম .
- ৩) বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম
- ৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, চট্টগ্রাম
- ৬) জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম
- ৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পটিয়া, চট্টগ্রাম
- ৮) প্রধান শিক্ষক, মুকুট নাইট উচ্চ বিদ্যালয়, মুকুট নাইট, পটিয়া, চট্টগ্রাম (শ্রেণিককে শিক্ষার্থীদের উদ্দেশ্যে পাঠ, নোটিশবোর্ডে টাঙ্গানো ও অফিসে সংরক্ষণের জন্য তিন প্রস্থ)
- ৯) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ের নোটিশ বোর্ড/ওয়েবপোর্টাল (সংশ্লিষ্টদের উদ্দেশ্যে প্রচারের জন্য)
- ১০) অফিস নথি


০৫-০২-২০২৪

(মুন্সম দাশ)

প্রিজাইডিং অফিসার

মুকুট নাইট উচ্চ বিদ্যালয়

মুকুট নাইট, পটিয়া, চট্টগ্রাম